

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ
(স্পেশাল অরিজিনাল জুরিজডিকশন)
সুয়েমোটো রুল নং- ২৫/২০১৪

১০/১২/১৭
০২/১২/১৭

যে বিষয়েঃ

রাষ্ট্র

-বনাম-

সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং অন্যান্য।

উপস্থিতঃ

জনাব বিচারপতি কাজী রেজা-উল হক

এবং

জনাব বিচারপতি মোহাম্মদ উল্লাহ।

তারিখঃ ১৩/১২/২০১৭ ইং

জনাব মোঃ মিজানুর রহমান, এডভোকেট

.....প্রতিপক্ষ নং-২ এর পক্ষে।

জনাব তাপস কুমার বিশ্বাস, ডেপুটি এ্যাটর্নী জেনারেল

.....রাষ্ট্র পক্ষে।

অদ্য আদেশের জন্য ধার্য্য তারিখে অত্র আদালত সকল প্রতিপক্ষকে কোন শিক্ষা প্রতিষ্ঠান এস.এস.সি, এইচ. এস.সি বা সমপর্যায়ের কোন পরীক্ষায় শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর বাহিরে যেন কোন ফি আদায় করিতে না পারে এবং না করে এতদমর্মে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে কঠোরভাবে সতর্কতা জ্ঞাপন করিবে এবং যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটায় তাহা হইলে সেই শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির বিরুদ্ধে ইতপূর্বের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহন করিবে এবং আদায়কৃত বর্ধিত ফি বোর্ড কর্তৃক সতর্কবানী জারির পরও ৩০ দিনের ভিতর ফেরত প্রদান না করিলে সেই শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির কার্যক্রম স্থগিত থাকিবে এবং কোন শিক্ষার্থীকে শিক্ষা প্রতিষ্ঠানের বকেয়া ফি অনাদায়ের কারণে এস.এস.সি, এইচ.এস.সি কিংবা সমমানের পরীক্ষায় গ্রহন হইতে বিরত রাখা যাইবে না।

আগামী ০৪/০২/২০১৮ ইং তারিখে মামলার পরবর্তী আদেশের জন্য দিন ধার্য্য করা হইল।

কাজী রেজা-উল হক

মোহাম্মদ উল্লাহ।

অনুলিপি প্রেরণ :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড;
- ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম শিক্ষা বোর্ড;
- ৪। চেয়ারম্যান, রাজশাহী শিক্ষা বোর্ড;
- ৫। চেয়ারম্যান, খুলনা শিক্ষা বোর্ড;
- ৬। চেয়ারম্যান, সিলেট শিক্ষা বোর্ড;
- ৭। চেয়ারম্যান, যশোর শিক্ষা বোর্ড;
- ৮। চেয়ারম্যান, বরিশাল শিক্ষা বোর্ড;
- ৯। চেয়ারম্যান, কুমিল্লা শিক্ষা বোর্ড;
- ১০। চেয়ারম্যান, দিনাজপুর শিক্ষা বোর্ড;
- ১১। চেয়ারম্যান, রংপুর শিক্ষা বোর্ড।
- ১২। বিজ্ঞ ডেপুটি এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, এটর্নী জেনারেল অফিস, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পেশ করা হইল

আদেশক্রমে

সুপারিনটেনডেন্ট

৩১-১২-১৭

সহকারী রেজিস্টার

৩১-১২-১৭

টাইপকারীঃ নিপাঃ ২৮.১২.২০১৭.

ভূগনাকারীঃ ২৮.১২.১৭

পরীক্ষাকারীঃ ২৮.১২.১৭

প্রস্তুতকারীঃ